

প্রেস বিজ্ঞপ্তি

পুনর্গঠিত চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স এর প্রথম সভা অনুষ্ঠিত

চোরাচালান নিরোধ কার্যক্রমকে গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে পুনর্গঠিত চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স এর প্রথম সভা আজ ২৮ ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিঃ তারিখ রোজ রবিবার সন্ধ্যা ০৬.৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এবং পুনর্গঠিত চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স এর সভাপতি জনাব মোঃ নজিবুর রহমান সভায় সভাপতিত্ব করেন।

সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবৃন্দ, বিভাগীয় কমিশনারগণ, সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের প্রতিনিধিবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। এর মধ্যে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), বাংলাদেশ কোস্ট গার্ড, পুলিশ সদর দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, র‍্যাভ, এনএসআই, ডিজিএফআই, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ পুলিশ (রেলওয়ে রেঞ্জ), শুক্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের প্রধান ও প্রতিনিধিবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। এছাড়া, জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ বিভিন্ন কাস্টম হাউস এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটসমূহের কমিশনারগণসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।


সভায় সভাপতির স্বাগত বক্তব্যে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এবং পুনর্গঠিত চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স এর সভাপতি জনাব মোঃ নজিবুর রহমান উপস্থিত সকলকে সভায় অংশগ্রহণ করার জন্য আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানান। এ সময় তিনি বলেন, সময়ের ধারাবাহিকতায় চোরাচালানের নতুন নতুন ধারণা ও ক্ষেত্র আবিষ্কৃত হচ্ছে। বাংলাদেশ থেকে মানি লন্ডারিং এর প্রায় শতকরা ৮০ (আশি) ভাগ বাণিজ্য ভিত্তিক অর্থ পাচারের (Trade-based Money Laundering) মাধ্যমে হয়ে থাকে যার একটি উল্লেখযোগ্য অংশ চোরাচালানের মাধ্যমে সংঘটিত হয়। এ ধরনের চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় কাস্টমস সহ অপরাপর দপ্তর/সংস্থাসমূহ স্ব-স্ব ভূমিকা দায়িত্বশীলতার সাথে পালন করে চোরাচালান প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখছে। ড. মইনুল খান, মহাপরিচালক, শুক্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং সদস্য সচিব, কেন্দ্রীয় চোরাচালান নিরোধ কমিটি তার বক্তব্যে চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স পুনর্গঠনের প্রেক্ষাপট আলোচনা করে এর কার্যাবলীর নতুন ক্ষেত্র সম্পর্কে আলোকপাত করেন। পুনর্গঠিত চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্সের সভা সংশ্লিষ্ট বিষয়সমূহ মূল্যায়ন ও পর্যালোচনাপূর্বক সার্বিক চোরাচালান প্রতিরোধ কার্যক্রম নিয়ে নিম্নরূপ সংক্ষিপ্ত আলোচনা করা হয়ঃ

- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নোটিফিকেশন নম্বর- 6/29/86(BA-II)/NASC-2/561, তারিখঃ ২৬/১১/১৯৮৬ খ্রিঃ এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস) কে আহ্বায়ক করে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট চোরাচালান নিরোধ একটি কেন্দ্রীয় টাস্কফোর্স (Central Task Force-CTF) গঠন করা হয়। এ কেন্দ্রীয় টাস্কফোর্স বিভাগীয় কমিশনারকে আহ্বায়ক করে বিভাগীয়/আঞ্চলিক টাস্কফোর্স গঠন করা হয়।
- কেন্দ্রীয় টাস্কফোর্সের সর্বশেষ সভা গত ১১/১২/২০১৪ খ্রিঃ তারিখে (১৮৮তম সভা) অনুষ্ঠিত হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং- ৪৪.০০.০০০০.১১৭.০১.০০২.২০১৫/২০, তারিখঃ ১৮.০২.২০১৬ খ্রিঃ অনুযায়ী চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ডকে সভাপতি এবং মহাপরিচালক, শুক্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরকে সদস্য-সচিব করে কেন্দ্রীয় টাস্কফোর্স পুনর্গঠন করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নোটিফিকেশন নম্বর-6/29/86(BA-II)/NASC-2/561, তারিখঃ ২৬/১১/১৯৮৬ খ্রিঃ এ উল্লিখিত কার্যপরিধি অপরিবর্তিত রেখে উক্ত টাস্কফোর্সে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর ও আইন প্রয়োগকারী সংস্থাকে নতুন করে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স একটি সমন্বিত রূপ পেয়েছে।

দেশের ৮ টি বিভাগের বিভাগীয় কমিশনারবৃন্দ তাঁদের নিজ অধিক্ষেত্রে টাস্কফোর্সের আওতায় চোরাচালান বিরোধী কার্যক্রমের ব্যাপ্তি এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে আলোচনা করেন।

পরিশেষে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এবং সভাপতি, পুনর্গঠিত চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স তাঁর দিক-নির্দেশনামূলক সমাপনী বক্তব্যে বলেন, 'জনবান্ধব তথা করদাতাবান্ধব আধুনিক, স্বয়ংসম্পূর্ণ এবং পূর্ণাঙ্গ রাজস্ব প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। বর্তমান এনবিআর সকল গুরুত্বপূর্ণ অংশীজনদের সাথে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে অসীকারাবদ্ধ। আমরা সবাই মিলে কাজ করতে পারলে সরকার ঘোষিত "রূপকল্প-২০২১" এর মধ্যে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী, সমৃদ্ধ, শিক্ষিত এবং স্বাবলম্বী বাংলাদেশ গড়ে তুলতে সক্ষম হবে। এক্ষেত্রে চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্স অত্যন্ত ফলপ্রসূ ভূমিকা পালন করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

  
(সেইদ এ, মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা